



প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আপনার সন্তান পুনর্বাসন আইনের (রিহ্যাবিলিটেশন অ্যাক্ট) সেকশন 504-এর অধীনে স্কুলে স্বাস্থ্য পরিষেবা অথবা স্বাস্থ্যগত (মেডিক্যাল) বিশেষ সুবিধা লাভের যোগ্য হতে পারে। এইসব পরিষেবা স্বাস্থ্য চাহিদায়ুক্ত শিক্ষার্থীদেরকে স্কুলে পূর্ণভাবে অংশগ্রহণের সহায়তা দেয়। উদাহরণ হিসেবে, স্বাস্থ্যগত অবস্থার কারণে যেসব শিক্ষার্থীর ওষুধ নিতে হয় তারা স্কুলে সেটি করতে পারে। উদাহরণ হিসেবে, স্বাস্থ্যগত অবস্থার কারণে যেসব শিক্ষার্থীর ওষুধ নিতে হয় তারা স্কুলে সেটি করতে পারে।

প্রতিবছর NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের পরিষেবা এবং/অথবা বিশেষ ব্যবস্থাসমূহের জন্য নতুন করে অনুমোদনের **বাধ্যবাধকতা** রয়েছে। এই পর্যালোচনা স্কুলে আপনার সন্তানের পরিষেবা এবং/অথবা বিশেষ সুবিধার প্রয়োজন আছে কী নেই সেটি নিশ্চিত করে, এবং গত পরিষেবা এবং/অথবা বিশেষ সুবিধায় কোন পরিবর্তন আনতে হবে কিনা সেবিষয়টি স্কুলকে জানায়। আপনার সন্তান যথাযথ পরিষেবা এবং/অথবা বিশেষ ব্যবস্থাসমূহ লাভ করুক এটি সেবিষয়টিও নিশ্চিত করে।

অনেক পিতামাতা তাদের সন্তানের স্বাস্থ্য পরীক্ষার সময়সূচি বছরের এই সময় করিয়ে নেয়। আমরা আপনাকে আগামী স্কুল বছরের জন্য প্রস্তুত হতেও উৎসাহ প্রদান করছি। আপনার সন্তানের পরবর্তী ভিজিটের সময়, তার স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারীর কাছ থেকে আনুসঙ্গিক সংযুক্ত বিশেষ সুবিধার ফর্মগুলি পূরণ করুন। মেডিকেশন ফর্মের উপরের বাম কোণায় তার একটি সর্বসাম্প্রতিক ছোট ছবি লাগিয়ে দিন। এতে আপনার সন্তানকে ঠিকভাবে চিনতে স্কুলের সুবিধা হবে।

আপনার সন্তান অনুমোদিত পরিষেবা 2020-2021 শিক্ষা বছরের শুরুতেই পায় সেবিষয়টি নিশ্চিত করতে অনুগ্রহ করে **1 জুন, 2020 তারিখের মধ্যে বা যথাশীঘ্রই সম্ভব** পূরণকৃত ফর্মগুলি জমাদনের জন্য পরামর্শ দেয়া হচ্ছে।

ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম:

ফ্যাক্স করুন:

347-396-8945 (ব্রংক্স এবং ম্যানহ্যাটান)

347-396-8933 (ব্রুকলিন এবং স্ট্যাটেন আইল্যান্ড);

347-396-8932 (কুইন্স)

অথবা

ডাকে পাঠান:

দৃষ্টি আকর্ষণ করছি: DMAF কোঅর্ডিনেটর

New York City DOHMH

Office of School Health

42-09 28th Street

Queens, New York -4714

অন্য সকল মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্মসমূহ:

ডাকে পাঠান:

দৃষ্টি আকর্ষণ করছি: ডিরেক্টর অভ নার্সিং

New York City DOHMH

Office of School Health

42-09 28th Street

Queens, New York -4714

অথবা

যে বরোতে আপনার সন্তান স্কুলে যাবে সেখানে **ইমেইল** করুন:

BronxMAF@schools.nyc.gov

BrooklynMAF@schools.nyc.gov

ManhattanMAF@schools.nyc.gov

QueensMAF@schools.nyc.gov

StatenIslandMAF@schools.nyc.gov

শিক্ষা-সংক্রান্ত বিশেষ সুবিধার ফর্ম

শিক্ষা-সংক্রান্ত এবং অন্য স্কুল-ভিত্তিক বিশেষ সুবিধার অনুরোধের ফর্মগুলি (পিতামাতার অনুরোধের ফর্ম এবং মেডিকেল বিশেষ সুবিধার অনুরোধের ফর্ম) আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে স্কুল বছরের শুরুতে জমা দিতে হবে।